



## বিএনপির রাজনৈতিক সুরে পরিবর্তন এসেছে: জামায়াত আমির



জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির বলেছেন, বিভিন্ন হত্যাকাণ্ডের বিচার দাবির ক্ষেত্রে বিএনপি তাদের অবস্থান বদলে ফেলেছে।

মঙ্গলবার (২৩ জুন) বিকেলে রাজধানীর বিজয়নগরে ১১-দলীয় ঐক্যের সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

তিনি অভিযোগ করে বলেন, লিয়ার আনোয়ার হাদী হত্যাকাণ্ডসহ বিভিন্ন ঘটনাকে ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছে। এ ধরনের ঘটনার ক্ষেত্রে সত্য উদঘাটনের পরিবর্তে ভিন্ন উদ্দেশ্য কাজ করছে কি না, তা নিয়ে জনমনে প্রশ্ন তৈরি হয়েছে বলেও মন্তব্য করেন তিনি।

শফিকুর রহমান আরও বলেন, অতীতে জামায়াতকে রাজনৈতিকভাবে নির্মূলের চেষ্টা করা হয়েছিল, তবে সেই চেষ্টা সফল হয়নি বরং যারা এসব উদ্যোগ নিয়েছিল, তারা পরবর্তীতে রাজনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে তিনি দাবি করেন।

তিনি বিএনপিকে উদ্দেশ্য করে বলেন, ফ্যাসিবাদবিরোধী অবস্থানের কথা বললেও দলটি এখন সেই একই ধাঁচের রাজনীতির পথে হাঁটছে। পাশাপাশি বিএনপির অভ্যন্তরীণ কর্মকাণ্ড ও দায়বদ্ধতা নিয়েও সমালোচনা করেন তিনি।